আমাদের আনন্দবাড়ী

আমাদের কথা

মা-বাবার আচরণ শিশুদের মনোবিকাশে সবচেয়ে বেশী প্রভাব ফেলে । যেসব পরিবারে বাবা-মা'র মধ্যে ঝগড়া-ঝাটি, বৈষম্য, সহিংসতা থাকে, সে সব পরিবারের শিশুরা নানারকম নেতিবাচক বৈশিষ্ট্য নিয়ে বড় হতে থাকে । যা তাদের পরবর্তী জীবনে প্রকট হয়ে দেখা দেয় ।

'আমাদের আনন্দ বাড়ি' গল্পটি ৬-১২ বছরের শিশুদের স্বপ্নকে ঘিরে গড়ে উঠেছে । সাধারণত আমরা বড়রা এই বয়সের শিশুদের মতামতের গুরুত্ব দিতে চাইনা । অথচ পারিবারিক নির্যাতনের প্রভাব তাদের উপরই অনেক বেশী পড়ে। স্বপ্নের বাড়ি নির্মান শুধুমাত্র সন্তানদের আকাংখা নয় বরং মা-বাবার দায়িত্ব । শিশুদের মুক্ত মনোবিকাশের জন্য পারিবারিক পরিবেশ হতে হবে নির্যাতনমুক্ত । যেখানে পরিবারের সকল সদস্যদের মধ্যে সম্পর্কগুলি হবে সমমর্যাদার ও বন্ধুত্বপূর্ণ ।

আমরা আশা করছি, বইটি শিশুদের ভাল লাগবে । পাশাপাশি নিজেদের প্রত্যাশার কথা তুলে ধরে বাবা-মা'র আচরণগুলির পরিবর্তনে ভূমিকা রাখতে পারবে । একই সাথে বাবা-মা'রাও গুরুত্ব দিবেন নিজেদের আচরণগুলি সংশোধনের যা শিশুদের মনোবিকাশের জন্য নেতিবাচক । আর এভাবেই আমাদের পরিবারগুলি হয়ে উঠতে পারে এক একটি 'আনন্দ বাড়ি" ।

প্রকাশক

আমরাই পারি পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোট

৬/৪ এ (তৃতীয় তলা), স্যার সৈয়দ রোড, মোহাম্মদপুর

ঢাকা - ১২০৭, বাংলাদেশ

প্রকাশ কাল

এপ্রিল ২০০৭

২য় মুদ্রন

ফেব্রুয়ারী ২০০৮

স্ক্রীপ্ট

এম. বি. আখতার

ছবি অংকন ও ডিজাইন

রেজাউল হক

ভিজ্যুয়াল আর্ট ফর ডেভেলপমেন্ট

মুদ্রনে : সিদ্দিক প্রিন্টার্স

আজ তোমাদের একটি আনন্দ বাড়ির গল্প শোনাবো।
সেই বাড়িতে থাকে পাপলু, মন্টি আর ওদের মা ও বাবা।

পাপলু আর মন্টির অনেক বন্ধু রয়েছে। রজনী, সুজন এবং মৌ ওদের খুব প্রিয় বন্ধু। কিন্তু ওরা ওদের বাবা-মায়ের সাথেই খেলতে বেশী ভালোবাসে। এই দেখে ওদের বন্ধুদের মন খারাপ হয়ে যেতো।

দেখ দেখ, পাপলু আর মন্টিদের বাড়িটা কি সুন্দর! তাই না?
হ্যাঁ, ঠিক যেন স্বপ্নের মতো।

ওরা আমাদের সাথে খেলে না কেন?
আমাদের সাথে খেলার কথা ওদের হয়তো মনেই নেই।

কেন মনে থাকবে বল? দেখ্ছিস না, ওদের বাবা-মার মধ্যে কি সুন্দর বন্ধুত্ব।
সেজন্যই তো ওদের খুব আনন্দ। তাই ওরা ওদের বাবা-মায়ের সাথে খেলতেই বেশী ভালোবাসে।

যদি পাপলু আর মন্টি দেখতো যে ওদের মা-বাবা ঝগড়া করছে! যেমনটি হয় আমাদের বাড়ির আশে পাশে ।
তাহলে নিশ্চয়ই ওদের মন খুব খারাপ হয়ে যেতো ।

ওরা আমাদের সাথে খেলে না কেন?
আমাদের সাথে খেলার কথা ওদের হয়তো মনেই নেই।

জানিস, আমার বাবা-মা'ও ঝগড়া করে। আমার বাড়ি যেতে ইচ্ছে করে না।
আমিও আমাদের বাড়িকে 'আনন্দ বাড়ি' বানাবো।

আমি চাই, আমাদের বাড়িগুলি হোক পাপলু ও মন্টিদের বাড়ির মতো। কিন্তু জানি না কিভাবে তা হবে?

আমরা আমাদের মা-বাবাকে বলতে পারি - তোমরা ঝগড়া করো না। ঝগড়া করলে আমাদের ভালো লাগে না। মন ভীষণ খারাপ হয়। পড়তে মন বসে না।
আরো বলবো, তোমরা যদি ঝগড়া করতেই থাকো,তাহলে আমাদের বাড়িতে প্রজাপতি উড়বে না। পাখি গান করবে না। ফুলও ফুটবে না।

বাবা-মা কি আমাদের কথা শুনবে?

কেন শুনবে না? আমরা বলবো, দেখ পাপলু আর মন্টির মা-বাবার মধ্যে কত বন্ধুত্ব। তাদের দেখতে কি সুন্দর লাগে।
আমাদের বাবা-মাকেও আমরা এরকম সুন্দর দেখতে চাই। আমরা যে আনন্দ বাড়ির মতো বাড়ি চাই তা মা-বাবাকে বোঝাবোই।

তাই তো । মা আর বাবাও তো ভালো বন্ধু হতে পারে । যেমন তোর আমার বন্ধুত্ব ।
বন্ধু হতে হলে গল্প করতে হয় । বেড়াতে হয় । খেলতে হয় । আনন্দ করতে হয় ।
একসাথে কাঁদতেও হয় ।

এই পাপলু.. এই মন্টি...
চল মাঠে খেলতে যাই ।

আসছি ..ই.....ই...
মা যাই, বাবা যাই

চলো আমরা সবাই আজকে ঘুরে বেড়াই । আমাদের ভালো লাগবে । অনেক মজা হবে ।

আনন্দ বাড়ির মতো হয়ে উঠুক সবার বাড়ি। সেজন্য পাপলু, মন্টি আর ওদের বন্ধুরা তাদের বাবা-মার সাথে কথা বলেছে। তোমরাও কি পারো না, নিজেদের বাবা মা আর বন্ধুদের বাবা মায়ের সাথে কথা বলতে?


আমরা শিশুরাও পারি
আনন্দ বাড়ি তৈরী করতে ।

আমরাই পারি পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোট
৬/৪ এ (তৃতীয় তলা), স্যার সৈয়দ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।
ফোন: ৯১৩০২৬৫
www.wecanendvaw.org